সব মানুষকে ব্যাঙ্কিং পরিষেবা দেওয়া হবে ঃ অরূপ

অভিজিৎ মুখার্জী ● আরামবাগ

রাজ্যে এখনও বেশ কিছু গ্রাম পঞ্চায়েত রয়েছে যেখানে কোনও ব্যাঙ্কিং পরিষেবা নেই। হুগলি জেলাতেও ২১০টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৩২টি গ্রাম পঞ্চায়েত এই সুবিধা থেকে বঞ্চিত। কিন্তু মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পঞ্চায়েতের অধীন গ্রামবাসীদের অসুবিধার কথা ভেবে গত ডিসেম্বর মাসে সমবায় দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠকে ব্যাঙ্কবিহীন পঞ্চায়েতগুলিকে ব্যাঙ্কিং পরিষেবার আওতায় আনতে উদ্যোগী ভূমিকা গ্রহণ করেন। মুখ্যমন্ত্রীর সেই উদ্যোগকে বাস্তবায়িত করতেই শুক্রবার হুগলি ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের ২০তম শাখার উদ্বোধন হল হুগলির আরামবাগের মাধবপুর গ্রাম পঞ্চায়েতে। এই পঞ্চায়েতের নিজস্ব ভবনে মাসিক ১ টাকা ভাড়ায় ব্যাঙ্ক এই পরিষেবা দেবে। এদিন এই ব্যাঙ্কের শাখার উদ্বোধন করেন সমবায়মন্ত্রী অরূপ রায়। এছাড়া উপস্থিত ছিলেন রাজ্যের সমবায় দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব ড. এম ভি রাও, পশ্চিমবঙ্গ সমবায় নিবন্ধক নির্মাল্য ঘোষ, পশ্চিমবঙ্গ সরকার রাজ্য সমবায় ইউনিয়নের ডিরেক্টর সত্যব্রত সামন্ত, নাবার্ডের ডি ডি এম তনুশ্রী ভট্টাচার্য, হুগলি এ আর সি এস শোভন দাস, মহকুমাশাসক লক্ষী ডি তেল্লাক্ক, বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতরা, পুরপ্রধান স্বপন নন্দী, পঞ্চায়েত সমিতির বিদায়ী সভাপতি শিশির সরকার, বিডিও বিশাখ ভট্টাচার্য, পঞ্চায়েতের বিদায়ী প্রধান ভারতী রায়, মহকুমা পুলিশ আধিকারিক কৃশানু রায়, আরামবাগ থানার আইসি শান্তনু মিত্র প্রমুখ।

উল্লেখ্য, এই মাধবপুর গ্রাম পঞ্চায়েতে এতদিন কোনও ব্যাঙ্কিং পরিষেবা না থাকায় এলাকার ২২টি গ্রামের ৫৭১৯টি পরিবারের ২২৫০০জন মানুষ বঞ্চিত হচ্ছিলেন। এবার ব্যাঙ্কের শাখা খোলা হওয়ায় প্রায় ৮ হাজার স্থানীয় মানুষ এ্যাকাউন্ট খুলে এই শাখার মাধ্যমে সরকারি সুবিধা পাবেন। এদিনের অনুষ্ঠানে মন্ত্রী অরূপ রায় বলেন, অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় স্বাধীনতার ৭০ বছর পরেও আমাদের রাজ্যে ৭১০টি গ্রাম পঞ্চায়েতে কোনও ব্যাঙ্কিং পরিষেবা নেই। তারপর থেকে আমরা এই নিয়ে ২২টি শাখা খুললাম। জায়গা পাওয়া গেলে আগামী দিনে এই ব্যাঙ্কে সুন্দর করে লকারও খুলে দেওয়া হবে। খুব শীঘ্রই আরও পাঁচটি গ্রাম পঞ্চায়েতে ব্যাঙ্কের শাখা খোলা হবে। আগামী দিনে এমন কোনও গ্রাম থাকবে না পশ্চিমবঙ্গে যেখানে মানুষ ব্যাঙ্কিং পরিষেবা থেকে বঞ্চিত থাকবে। তিনি এদিন বলেন, রাজ্যে ২৬৩১টি কাস্টমার সার্ভিস পয়েন্ট তৈরি করা হচ্ছে। এখান থেকে ব্যাঙ্কিং পরিষেবা পাবেন গ্রাহকরা।

স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের এই সব ব্যাঙ্কের মাধ্যমে ঋণ প্রদান করা হচ্ছে। মহিলাদের আরও স্বনির্ভর করে তোলার জন্য ১ লক্ষ পরিবারকে হাঁস মুরগি পালন করার জন্য ১৮ হাজার টাকা করে ঋণ দেওয়া হবে। এছাড়াও প্রতিটি সমবায়কে কম্পিউটার দেওয়া হচ্ছে। যাতে ইন্টারনেটের মাধ্যমে গ্রাহকদের পরিষেবা দিতে পারে।

তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে প্রস্তুতি সভা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ ২৮ আগস্ট তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে কলকাতার গান্ধীমূর্তির পাদদেশে অনুষ্ঠিত হবে ঐতিহাসিক ছাত্র সমাবেশ। এরই সমর্থনে শুক্রবার হুগলির আরামবাগ রামমোহন হলে হুগলি জেলা ছাত্র পরিষদের উদ্যোগে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়ে গেল। এই প্রস্তুতিসভায় উপস্থিত ছিলেন মন্ত্রী অসীমা পাত্র, বিধায়ক প্রবীর ঘোষাল, তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য নেত্রী জয়া দত্ত, হুগলি জেলা তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি গোপাল রায়, বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতরা, পৌরপ্রধান স্বপন নন্দী, উপপৌরপ্রধান রাজেশ চৌধুরী, আরামবাগ ব্লক ও আরামবাগ শহরের ছাত্রনেতা চিন্ময় রায়, পিনাকী সাঁতরা, সেখ শাহনওয়াজ রামপ্রসাদ দোলুই, পার্থপ্রতিম দে প্রমুখ।

তারকেশ্বরের ৪০জনকে পরিবেশ বন্ধুর স্বীকৃতি

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ রাজ্যে 'পরিবেশ বন্ধু'র স্বীকৃতি পেল হুগলির তারকেশ্বর থেকে চল্লিশজন ব্যক্তি। পাড়ায় পাড়ায় ঘুরে ঘুরে পরিত্যক্ত জিনিসপত্র যেসব মানুষ কিনে জীবননির্বাহ করে তারাই মূলত এই কাজে অংশগ্রহণ করল। বাড়ি বাড়ি টিন ভাঙা, কাচভাঙাসহ বিভিন্ন পদার্থ কিনে যারা জীবিকা নির্বাহ করে তারা পরিত্যক্ত জিনিস কিনে নেওয়ার পরে যে সব জিনিস বিক্রি হয় না সেগুলো এলাকাতেই পড়ে দূষণ ছড়ায়। বর্তমানে সেই সমস্ত বর্জ্য পদার্থগুলো একটি প্লাস্টিকের ব্যাগে তুলে নির্দিষ্ট স্থানে ফেলার জন্য কাজ করবে এই সমস্ত ব্যক্তিরা। এই অনুষ্ঠানে পরিবেশ বন্ধুদের একটি গেঞ্জি, প্যান্ট, প্লাস্টিকের বড় ব্যাগ, টুপি, বাঁশি ও গ্লাভস দেওয়া হয়। রাজ্যের মধ্যে প্রথম এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন তারকেশ্বরের সমষ্টি উন্নয়ন আধিকারিক জয় গোপাল পাল, জি আর পি কল্যাণ দত্ত, প্রোগ্রাম কো-অর্ডিনেটর নবনীতা বসু মুখার্জীসহ অন্যান্য আধিকারিকবৃন্দ।

খুনের অভিযোগ তৃণমূল ছাত্রীনেত্রীর বিরুদ্ধে

নিজস্ব সংবাদদাতা, হুগলি ঃ তৃণমূল ছাত্র পরিষদের হুগলি জেলা নেত্রী প্রিয়াঙ্কা অধিকারীর বিরুদ্ধে হুগলি মৈমেন কলেজের প্রিন্সিপ্যাল ড. সীমা ব্যানার্জী বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ভিসির কাছে অভিযোগ জানালেন। প্রিন্সিপ্যালের অভিযোগ, কলেজের প্রাক্তন টিআইসি বর্ণালী চ্যাটার্জীর সঙ্গে হাত মিলিয়ে টিএমসিপি নেত্রী খুনের হুমকি দিচ্ছেন। কলেজ পরিচালনায় বাধা দিচ্ছেন। এর আগেও অভিযোগ করেছেন তিনি, কিন্তু কোনও কাজ হয়নি। ২০১৫ সালে সীমাদেবী কলেজের দায়িত্ব নেওয়ার পর থেকে নানাভাবে তাঁকে কলেজ থেকে তাড়ানোর চেষ্টা হয়েছে বলে অভিযোগ। ওই টিএমসিপি নেত্রী কলেজের রেওলার স্টুডেন্ট নন। তবু কলেজের ইউনিয়ন রুম সকাল থেকে সন্ধ্যা খোলা থাকে তাঁর নির্দেশেই। শুধু বিশ্ববিদ্যালয়ে অভিযোগ না, শিক্ষামন্ত্রীর কাছেও তিনি অভিযোগ জানাবেন যাতে উমেশ কলেজের ছাত্রীসংসদ ভেঙে দেওয়া হয়। টিএমসিপি নেত্রী প্রিয়াঙ্কা অধিকারী এই অভিযোগ অস্বীকার করেন।

তারকেশ্বরে তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের প্রস্তুতি

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে ২৮ আগস্ট কলকাতা গান্ধী মূর্তির পাদদেশে ঐতিহাসিক ছাত্র সমাবেশের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হল হুগলির তারকেশ্বর তৃণমূল ছাত্র পরিষদ কার্যালয়ে। উপস্থিত ছিলেন তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য নেত্রী জয়া দত্ত, হুগলি জেলা তৃণমূল ছাত্র পরিষদ সভাপতি গোপাল রায়, তারকেশ্বর টাউন তৃণমূল কংগ্রেসের সভাপতি উত্তম কুণ্ডুসহ তৃণমূল ছাত্র পরিষদের কয়েকশ সদস্য। এদিন বক্তব্য রাখতে গিয়ে জয়া দত্ত বলেন, একসঙ্গে সবাই কাজ করতে হবে। তিনি আরও বলেন, আগামী ২৮ আগস্ট তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসে এলাকার সমস্ত তৃণমূল ছাত্র পরিষদের সদস্যরা অবশ্যই অংশগ্রহণ করবে। কলেজ-স্কুলগুলো নিজেদের মধ্যে প্রতিযোগিতা করে অংশগ্রহণ করার চেষ্টা করো। জানতে পারা গেছে, ১১ আগস্ট বিজেপি ওই একই জায়গায় দিল্লি থেকে কোনও এক নেতাকে ভাড়া করে নিয়ে অনুষ্ঠান করছে যে নেতার নামও বাংলা কোনদিন শোনেনি।

পাণ্ডুয়াতে বিশ্ব আদিবাসী দিবস পালন

নিজস্ব সংবাদদাতা, পাণ্ডুয়া ঃ শুক্রবার দুপুরে হুগলির পাণ্ডুয়াতে জেলা প্রশাসনের পক্ষ থেকে পালন করা হল বিশ্ব আদিবাসী দিবস ও ভারত ছাড়ো আন্দোলনের বর্ষপূর্তি। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের কৃষি বিপণন মন্ত্রী তপন দাশগুপ্ত, মন্ত্রী অসীমা পাত্র, জেলাশাসক জগদীশপ্রসাদ মিনা, হুগলি জেলা গ্রামীণ পুলিশ সুপার সুকেশ জৈন, অনগ্রসর দপ্তরের সচিবসহ জেলার একাধিক বিধায়ক, জেলা পরিষদের বিদায়ী সভাধিপতি, সহসভাধিপতি, কর্মাধ্যক্ষসহ জেলা প্রশাসনের একাধিক আধিকারিকরা। এদিনের অনুষ্ঠান মঞ্চ থেকে আদিবাসী সম্প্রদায়ের মানুষের হাতে জাতি শংসাপত্র, রূপশ্রী প্রকল্প,আবাস যোজনাসহ বিভিন্ন সরকারি প্রকল্পের কাগজ তুলে দেওয়া হয়। পাশাপাশি এদিন বহু ছাত্রীর হাতে সবুজ সাথীর সাইকেল তুলে দেওয়া হয়। এদিনের অনুষ্ঠান প্রসঙ্গে মন্ত্রী তপন দাশগুপ্ত বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী সকলের জন্য বিশেষত আদিবাসী সম্প্রদায়ের জন্য বহু কাজ করছেন। এদিন বহু মানুষের হাতে বিভিন্ন সরকারি প্রকল্পের কাগজ তুলে দেওয়া হয়। পাশাপাশি আগামী দিনে জেলায় মুখ্যমন্ত্রীর স্বপ্নের আদিবাসী স্কুল খোলা হবে বলেও তিনি জানান। অন্যদিকে জেলা গ্রামীণ পুলিশ সুপার বলেন, জেলার বিভিন্ন জায়গায় ইতিমধ্যেই আদিবাসী সম্প্রদায়ের মানুষদের নিয়ে কাজ হচ্ছে। আর তাতে ভালো সাড়াও মিলছে।

সিপিএম, তৃণমূল থেকে বিজেপিতে যোগ

নিজস্ব সংবাদদাতা, ডানকুনি ঃ হুগলির ডানকুনি পৌর মণ্ডলের নেতৃত্বে শ্রীরামপুর সাংগঠনিক জেলা অফিসে বিজেপির রাজ্য সহসভাপতি বিশ্বপ্রিয় রায়চৌধুরী ও শ্রীরামপুর সাংগঠনিক জেলার সভাপতি সুমন ঘোষের উপস্থিতিতে ডানকুনি মণ্ডলের সাধারণ সম্পাদক সঞ্জয় সরকার ও যুব মোর্চার সভাপতি প্রণব দে-এর নেতৃত্বে অন্য দলের ৩৫২জন কর্মী-সমর্থক বিজেপিতে যোগ দিলেন। এদের মধ্যে সিপিএম থেকে ১৯০জন, সংখ্যালঘু মোর্চা থেকে ৮৭জন এবং তৃণমূল থেকে ৭৫জন কর্মী বিজেপিতে যোগ দেন।

ডানকুনিতে ট্রাফিক সিগন্যালের উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা, ডানকুনি ঃ হুগলির ডানকুনি এফ সি আই মোড়ে নতুন ট্রাফিক সিগন্যালের উদ্বোধন করেন হুগলির চন্দননগর কমিশনারেটে অজয় কুমার। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হুগলি জেলা পুলিশের আধিকারিকেরা ও ডানকুনি পৌরসভার পুরপ্রধান ও উপপুরপ্রধান। এতদিন এখানে ট্রাফিক পুলিশ দিয়ে যানবাহন চলাচলের নিয়ন্ত্রণ করতে হয়। কিন্তু শুক্রবার বিকাল থেকে সেখানে ট্রাফিক সিগন্যালের ব্যবহার শুরু হয়েছে। এতে দুর্ঘটনার সংখ্যা কমে যাবে বলে জানান চন্দননগর পুলিশ কমিশনার অজয় কুমার।



শুক্রবার হুগলির গোঘাটের একটি স্কুলে ছাত্রীদের হাতে নতুন সাইকেল তুলে দিল গোঘাট ব্লক কর্তৃপক্ষ। সেই সাইকেল ভুটভুটির উপর চাপিয়ে বাড়ি নিয়ে যাচ্ছে। ছবি- সঞ্জীব ঘোষ

ঝুলন্ত দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, ভদ্রেশ্বর ঃ মা-বাবা নেই। মাসি বাড়িতে মানুষ। নাম পাপন দাস (২৬)। বাড়ি হুগলির ভদ্রেশ্বরের সুভাষপল্লীতে। বৃহস্পতিবার পেটের যন্ত্রণা করছিল ইলেকট্রিক মিস্ত্রি পাপনের। এরপর শুক্রবার সকালে কোনও সাড়াশব্দ না পেয়ে জানালার ফাঁক দিয়ে মাসি সনু দাস দেখতে পান গলায় কাপড়ের ফাঁস লাগিয়ে ঘরের বাঁশের সঙ্গে ঝুলছেন পাপন। খবর পেয়ে ভদ্রেশ্বর থানার পুলিশ দরজা ভেঙে পাপনের মৃতদেহ উদ্ধার করে। তবে এটি আত্মহত্যা নাকি এর পিছনে অন্য কোনও ঘটনা আছে তা পুলিশ খতিয়ে দেখছে।

পাঠাগারে কবিগুরুকে স্মরণ ও শ্রদ্ধা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ হুগলির আরামবাগ মহকুমা গ্রন্থাগারে যথোচিত মর্যাদার সঙ্গে পালিত হল কবিগুরুর ৭৮তম তিরোধান দিবস। সভাপতিত্ব করেন শিক্ষাবিদ সেখ হাসান ইমাম। প্রধান অতিথির ভাষণে আরামবাগের শিশুগুরু হরিপ্রসাদ মেদ্দা বলেন, বাঙালির জীবনে সারা বছরজুড়ে আজও আছেন রবীন্দ্রনাথ। তাঁর জন্মদিন, মৃত্যুদিন, আলাদা করে পালন করা অনর্থক। আমরা যতদিন রবীন্দ্রনাথকে মনে রাখব ততদিন তিনি আমাদের মধ্যে বেঁচে থাকবেন। আমরা যেই তাঁকে ভুলব সেই দিনই হবে গুরুদেবের মৃত্যুদিন। কবি সাধন বারিকও বলেন, রবীন্দ্রনাথের মৃত্যুদিন বলে কিছু হয় না, তাঁর মৃত্যু হতে পারে না। সাধন বারিক রবীন্দ্রনাথকে নিয়ে একটি স্বরচিত ছড়াও আবৃত্তি করেন। অধ্যাপক বিশ্বনাথ কুণ্ডু, প্রাক্তন শিক্ষক বিশ্বনাথ পাল, তাঁদের বক্তব্যে রবীন্দ্রনাথের মৃত্যু চেতনার উপর আলোকপাত করেন। আবৃত্তিকার রাজা মুখোপাধ্যায় রবীন্দ্রনাথকে নিয়ে নিজের লেখা একটি সুন্দর আঞ্চলিক কবিতা পাঠ করে শোনান। একটি প্রাসঙ্গিক বক্তব্যের সঙ্গে রবীন্দ্রনাথের 'দুই বিঘা জমি' কবিতাটি নাট্যাভিনয়ের মাধ্যমে অসাধারণ আবৃত্তি করেন অধ্যাপক মুক্তিপ্রকাশ রায়। বাচিক শিল্পী উত্তম দত্ত রবীন্দ্রনাথের শেষ জীবনের একটি কবিতা পাঠ করে শোনান। এক তথ্যবহুল হৃদয়গ্রাহী নাতিদীর্ঘ বক্তব্যের মধ্যে সভাপতি সেখ হাসান ইমাম রবীন্দ্রনাথের মৃত্যু ও আধ্যাত্মভাবনাকে তুলে ধরেন। সংগীত পরিবেশন করেন মৃন্ময় চক্রবর্তী ও প্রাক্তন গ্রন্থাগারিক বিভাংশু দত্ত। সমগ্র অনুষ্ঠানে কথার মালা গেঁথে সঞ্চালনা ও উপস্থাপনা করেন পাঠচক্রের দুই সদস্য মিঠুন কুণ্ডু ও সুদেষ্ণা চক্রবর্তী। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনা করেন সহ গ্রন্থাগারিক উত্তম ভট্টাচার্য। তাঁকে যোগ্য সহযোগিতা করেন সুবিমল দত্ত, সুমন চক্রবর্তীসহ পাঠচক্রের সদস্যবৃন্দ।

চাষির অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ চাষের জমিতে কাজ করতে গিয়ে এক ব্যক্তির অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়াল হুগলির তারকেশ্বর থানার অন্তর্গত কেশবচক পঞ্চায়েতের কেটেরা গ্রামে। মৃত ব্যক্তির নাম পিন্টু মাইতি (৪০)। কৃষিজমিতে কাজ করতে গিয়ে কিছুক্ষণ পরেই হঠাৎই ছুটতে ছুটে বাড়ি আসেন তিনি। কিছু বলার আগেই সংজ্ঞাহীন হয়ে পড়েন। পরিবারের সকলে ও স্থানীয়রা তৎক্ষণাৎ তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে নিয়ে এলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। কি কারণে মারা গেলেন সে বিষয়ে পরিষ্কার কিছু জানা যায়নি। পরিবারের সকলে সাপে কামড়েছে বলে আশঙ্কা করলেও হাসপাতালের চিকিৎসক শরীরে কোন সাপে কামড়ানোর দাগ বা লক্ষণ দেখতে পাননি। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে তারকেশ্বর থানার পুলিশ।

নাবাবীয়া মিশনের নতুন ছাত্রাবাস

নিজস্ব সংবাদদাতা, খানাকুল ঃ শিক্ষাক্ষেত্রে বর্তমানে যে সমস্ত মিশন সাফল্যের সাক্ষর রেখে চলেছে তাদের মধ্যে উল্লেখযোগ্য একটি হল হুগলির খানাকুলের মাইনানে অবস্থিত নাবাবীয়া মিশন। এবছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় এই মিশনের ছাত্রছাত্রীরা বিশেষ কৃতিত্ব দেখিয়েছে। বহু দুস্থ ও মেধাবী ছাত্রছাত্রী এই মিশন থেকে পড়াশোনা করে খুব ভালো ফল করে সাড়া ফেলে দিয়েছে। উল্লেখ্য, এই মিশনে বর্তমানে প্রায় ৬০০ ছাত্র আবাসিক হিসাবে পড়াশোনা করে। কিন্তু একাদশ ও দ্বাদশ শ্রেণি চালু হওয়ার পর এই ছাত্রাবাস যথেষ্ট নয়। তাই আরও বেশি ছাত্রছাত্রী যাতে আবাসিক হিসাবে পড়াশোনা করতে পারে তাই নতুন একটি ছাত্রাবাসের উদ্বোধন হল। এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী ও ব্যবসায়ী সাবির আহমেদ চৌধুরী। ব্যাঙ্কের ম্যানেজার শিবশম্ভু কুমারসহ বিশিষ্টজনেরা। সাবির আহমেদ তাঁর বক্তব্যে আবাসিক শিক্ষা প্রতিষ্ঠানগুলির গুরুত্ব অতি সুন্দরভাবে তুলে ধরেন। এছাড়াও নাবাবীয়া মিশন সংখ্যালঘু ছাত্রছাত্রীদের শিক্ষার ক্ষেত্রে যেভাবে পাশে দাঁড়িয়েছে সেব্যাপারে ভূয়সী প্রশংসা করেন। হুগলির প্রত্যন্ত এলাকায় গড়ে ওঠা এই মিশনের পাশে থেকে সবরকম সহযোগিতার আশ্বাস দেন তিনি। মিশনের সম্পাদক সাহিদ আকবর বলেন, এতদিন একাদশ ও দ্বাদশ শ্রেণির আবাসিক ছাত্রছাত্রীরা ছড়িয়ে ছিটিয়ে থাকতে বাধ্য হত। কারণ এতদিন থাকার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ছিল না। এবার এই ভবনটি নির্মাণের ফলে সকলে এক ছাতার তলায় থাকার সুবিধা পাবে। এতে ছাত্রদের যেমন লাভ হবে, তেমনি পরিচালনার ক্ষেত্রেও অনেক সুবিধা হবে।

শ্রীরামপুরে এটিএম আতঙ্কে গ্রাহকরা



নিজস্ব সংবাদদাতা, শ্রীরামপুর ঃ এটিএম আতঙ্কে গ্রাহকরা। নকল স্ক্যানার লাগিয়ে এটিএম থেকে টাকা হাতিয়ে নেওয়া চক্রের সঙ্গে যুক্ত দুই রোমানিয়ানকে গ্রেফতারের পর এটিএম আতঙ্ক প্রায় সর্বত্র। হুগলির শ্রীরামপুর শহরের এটিএমগুলো ঠিক আছে কিনা, অরক্ষিত এটিএমগুলোর কি অবস্থা, রক্ষী আছে এমন এটিএমগুলোই বা কতটা সুরক্ষিত তা দেখতে অভিযানে নামে শ্রীরামপুর থানার পুলিশ। শহরের ৪৩টি রাষ্ট্রায়ত্ত ও বেসরকারি ব্যাঙ্কের এটিএম ঘুরে দেখেন পুলিশ আধিকারিকরা। নিরাপত্তা রক্ষীদের সতর্ক থাকতে বলার পাশাপাশি এটিএমে কিছু অস্বাভাবিক দেখলে সংশ্লিষ্ট ব্যাঙ্ক ও থানায় খবর দিতে বলেন।

বেড়াতে আসুন কামারপুকুরে

কামারপুকুর মঠের মেইন গেটের পাশে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে

যোগাযোগ ঃ বাসুদেব নন্দা, কামারপুকুর

ফোন ঃ ৯৭৩৩৫৯৫৬৬৯

ফোন- ০৩২১১-২৫৬৯৫০/মোঃ ৯৭৩২৮৪৩৬৭৭

নিরোগ জায়াগনেষ্টিক

●সিটি স্ক্যান ●ডিজিট্যাল এক্সরে ●আল্ট্রাসোনোগ্রাফি ●কালার ডপলার ●ইকোকার্ডিওগ্রাফী ●প্যাথলজি ●এফ.এন.এ.সি. ●ই এম জি এন সি ভি ●বায়োপ্সি ●ই.ই.জি. ●ই.সি.জি

Dr. Nischay R, M.D. D.M.

প্রতি ইং মাসের প্রথম ও তৃতীয় রবিবার এন্ডোসকপি ও কোলোনসকপি করা হবে।